ভোরের কাগজ

তারিখ 02 APR 1998
পৃষ্ঠা ৪ কলাম ৭

## স্টাইপেন্ডের টাকা পাওয়া যায় না

আমার ছেলে ৮ম শ্রেণীতে মেধাভিত্তিক বৃত্তি পায়। ধানমন্ডি [illegible] স্কুলে ৯ম শ্রেণীতে ভর্তি হয়ে এ বছর সে এসএসসি পরীক্ষার্থী। ১৯৯৭ সাল থেকে আজও সে বকেয়া বৃত্তির টাকা পাচ্ছে না। স্কুল শিক্ষককে জিজ্ঞেস করলে অফিসে খোঁজ নিতে বলেন। অফিসের কেরানি সাহেব বলেন যে, তারা বিল করে পাঠিয়েছেন। সরকারি ফান্ডে নাকি টাকা নেই। দেখতে দেখতে প্রায় দেড় বছর হতে চললো। স্কুল থেকে যথাযথ কর্তৃপক্ষকে এ ব্যাপারে তাগিদ দিতে বলা হলে জানানো হয়, তাগিদ দিয়ে কি হবে।

শ্রম ও মেধার পুরস্কার হিসেবে ছাত্রছাত্রীদের পড়াশুনায় আরো উৎসাহী করে তোলার জন্যই বোধ করি স্কুলে স্টাইপেন্ডও দেওয়ার প্রবর্তন করেছেন সরকার। ফান্ড নেই—এই বলে স্টাইপেন্ডের টাকা যথাসময়ে না দেওয়া এর উদ্দেশ্য অস্বীকার করার নামান্তর। ছেলে ও অভিভাবক হিসেবে বারবার শিক্ষক ও স্কুল অফিসে যেয়ে হতাশ হয়ে ফিরে আসতে হয়েছে। জানা যায়, একই সময়ে অন্য জেলায় ছাত্রছাত্রীদের স্টাইপেন্ডের টাকা যথারীতি বিতরণ করা হয়েছে। ঐ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দয়া করে নজর দেবেন কি।

আবদুল কাদির
মোহাম্মদপুর, ঢাকা।